

**AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin**

Date 03-02-2026

Time: 1.40 PM

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) কয়লা পাচার কান্ডে আজ পশ্চিমবঙ্গের একাধিক জায়গায় ইডি-র তল্লাশি অভিযান চালাচ্ছে।
সুপ্রিম কোর্টে পিছিয়ে গেল ইডি মামলার শুনানি।
- ২) সপ্তদশ বিধানসভার শেষ অধিবেশন আজ থেকে শুরু হয়েছে।
- ৩) উচ্চ মাধ্যমিকের চতুর্থ সেমিস্টারের পরীক্ষা আগামী ১২ ফেব্রুয়ারি শুরু হতে চলেছে।
- ৪) ৪৯-তম আন্তর্জাতিক কলকাতা বইমেলা আজ শেষ হচ্ছে।
- ৫) জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির কোয়ার্টার ফাইনালে বাংলা আজ সার্ভিসেসের মুখোমুখি হবে।

০০০০০০০০০০০০০০০০০০০

কয়লা পাচার কান্ডে ইডি আজ পশ্চিমবঙ্গের একাধিক জায়গায় তল্লাশি অভিযান শুরু করেছে।

পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে সেপকো টেনশিপে প্রবীর দত্ত নামে এক কয়লা ব্যবসায়ীর বাড়িতে পৌঁছেছে কেন্দ্রীয় তদন্তকারী দল। কয়লার পাশাপাশি ওই ব্যক্তির বালির

ব্যবসাও আছে। আজ ভোরে তিনটি চারচাকা গাড়িতে কেন্দ্রীয় বাহিনীর আধিকারিকরা সেখানেই পৌঁছান। শুরু হয় জোরদার তল্লাশি।

একই সঙ্গে বুদবুদ থানার ওসি মনোরঞ্জন মন্ডলের বাড়িতেও গেছে ইডির অপর একটি দল। কয়েকদিন আগেই তিনি বুদবুদ থানার দায়িত্ব গ্রহণ করেন। কয়লা পাচারের অর্থ লেনদেনে জড়িত থাকার অভিযোগে ২০২৪ সালে বারাবনী থানার ওসির পদ থেকে মনোরঞ্জনকে সাসপেন্ড করা হয়েছিল। চলে বিভাগীয় তদন্তও।

পাশাপাশি জামুরিয়ার সাবান ফ্যাট্টির গলিতে হার্ডওয়্যার ব্যবসায়ী রাজেশ বনসালের বাড়িতে ইডির ১৬ জনের টিম তল্লাসি অভিযান চালাচ্ছে।

এছাড়াও, পান্তবেশ্বর, অন্ডাল সহ অন্যান্য বেশ কয়েকটি জায়গায় চলছে অভিযান। এছাড়া কয়লা কাল্ডে কোটি কোটি টাকা লেনদেনের সঙ্গে জড়িত কিরণ খান, শেখ আফতাব, চিন্ময়ী মন্ডলের মতো বেশ কয়েকজনের বাড়িতেও তল্লাশী চালানো হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০

আই প্যাক তল্লাশি সংক্রান্ত মামলার শুনানি পিছিয়ে গেল। আগামী সপ্তাহে বিচারপতি প্রশান্ত কুমার মিশ্র ও বিচারপতি এন ভি আনজারিয়ার বেঞ্চে হবে এই মামলার শুনানি। এদিন আইনজীবীরা সময় চাওয়ার জন্য শুনানি পিছিয়ে দিয়েছে শীর্ষ আদালতের দুই বিচারপতির বেঞ্চে।

উল্লেখ্য, রাজনৈতিক পরামর্শদাতা সংস্থা- আইপ্যাক-এর কর্ণধার প্রতীক জৈনের বাড়ি ও অফিসে তল্লাশির ঘটনায়, সুপ্রিমকোর্টে ইডির দায়ের করা মামলায় হলফনামা জমা দিয়ে, মামলার গ্রহণযোগ্যতা নিয়ে প্রশ্ন তুলেছিল রাজ্য সরকার। ইডির তরফেও জবাবি হলফনামা জমা দেওয়া হয়েছিল। হলফনামায় রাজ্যের পক্ষ থেকে দাবি করা হয়েছে, কলকাতা হাইকোর্টে একই মামলা বিচারাধীন থাকায় দু'জায়গায় ইডির পিটিশন দায়ের, সংবিধানের ২১ নম্বর অনুচ্ছেদের পরিপন্থী। ইডির পক্ষ থেকে রাজ্যের মুখ্যমন্ত্রী

ও তার পুলিশ প্রশাসন ইউর আধিকারিকদের কাজে সহযোগিতা করার পরিবর্তে একাধিক বার বাধা দিয়েছে বলে অভিযোগ করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ঝাড়খণ্ডে শ্রমিক মৃত্যুর প্রতিবাদে মুর্শিদাবাদের বেলডাঙ্গায় অশান্তির ঘটনা নিয়ে কেন্দ্র সরকার চাইলে NIA-কে তদন্তের দায়িত্ব দিতে পারে বলে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পালের ডিভিশন বেঞ্চের নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিম কোর্টে আবেদন জানাল রাজ্য সরকার।

উল্লেখ্য, গত শনিবার NIA তদন্তকারী আধিকারিকরা বেলডাঙ্গায় গিয়ে এই ঘটনার তদন্ত শুরু করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০

প্রথা মাফিক শোক প্রস্তাব গ্রহণের মধ্যে দিয়ে রাজ্য বিধানসভার অন্তর্বর্তী বাজেট অধিবেশন আজ শুরু হয়েছে। এটিই সপ্তদশ বিধানসভার শেষ অধিবেশন। শুরুতেই রাজনীতি, শিল্প, সংস্কৃতি, বিনোদন জগতের সদ্য প্রয়াত বিশিষ্ট ব্যক্তিদের উদ্দেশ্যে শোক প্রস্তাব পাঠ করেন অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়। বারামতিতে বিমান দুর্ঘটনায় নিহত মহারাষ্ট্রের উপ মুখ্যমন্ত্রী, এনসিপি নেতা অজিত পাওয়ার, বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী খালেদা জিয়া, চলচ্চিত্র নক্ষত্র ধর্মেন্দ্র, রবীন্দ্র সঙ্গীত শিল্পী অর্ঘ্য সেন, বর্তমান রাজ্য বিধানসভার সদস্য জুলফিকার ইসলাম সহ প্রয়াত বিশিষ্ট জনেদের উদ্দেশ্যে শোক জ্ঞাপন করা হয়। এর পরে অধ্যক্ষ দিনের মত অধিবেশন মুলতুবি ঘোষণা করেন। বৃহস্পতিবার দুপুর সাড়ে বারোটায় রাজ্যপালের অভিভাষনের মধ্যে দিয়ে ফের অধিবেশনের সূচনা হবে। ওই দিন দ্বিতীয়ার্ধে রাজ্যের অন্তর্বর্তী বাজেট পেশ করবেন অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য। এবারের অধিবেশন চলবে আগামী সোমবার পর্যন্ত।

০০০০০০০০০০০০০০০০০০০

ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী ও রাজ্য বিজেপির পর্যবেক্ষক বিপ্লব দেব আজ বিধানসভায় আসেন। সেখানে তিনি বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ অন্যান্য বিজেপি পরিষদীয় দলের সদস্যদের সঙ্গে সাক্ষাৎ করেন। বিরোধী দলনেতা শ্রী দেবকে উত্তরীয় দিয়ে সম্বর্ধনা জানান। বিরোধী দলনেতা বলেন, শ্রী দেব ২০১৭ সালে ত্রিপুরা বিধানসভায় ভারতীয় জনতা পার্টির সরকার গড়েছিলেন। বিজেপির শীর্ষ নেতৃত্ব তাকে বিভিন্ন রাজ্যে বিধানসভা নির্বাচনের যে দায়িত্ব দিয়েছিলেন, সেই দায়িত্বও সাফল্যের সঙ্গে পালন করেছেন। এরাজ্যও দলের অপর পর্যবেক্ষক ভূপেন্দ্র যাদবের সঙ্গে বিধানসভা নির্বাচনে সাফল্যের সঙ্গে দায়িত্ব পালন করবেন বলে শ্রী অধিকারী আশাবাদী।

(বাইট-শুভেন্দু)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উচ্চ মাধ্যমিকের চতুর্থ সেমিস্টারের পরীক্ষা আগামী ১২ ফেব্রুয়ারি শুরু হতে চলেছে। তৃতীয় সেমিস্টারে OMR শিটে পরীক্ষা হলেও এবার চূড়ান্ত সেমিস্টারে প্রশ্নের লিখিত উত্তর দিতে হবে পরীক্ষার্থীদের। তাদের সুবিধার্থে বিকল্প প্রশ্নের সংখ্যাও বেশি থাকবে। অর্থাৎ দ্বিতীয় প্রশ্নের মধ্যে থেকে প্রশ্ন বেছে উত্তর লিখতে পারবেন পরীক্ষার্থীরা।

উল্লেখ্য, চতুর্থ সেমিস্টারের পরীক্ষার্থীদের পাশাপাশি তৃতীয় সেমিস্টারের সান্তিমেন্টারি পরীক্ষা দেবে ২৫৭০ জন। এছাড়াও তৃতীয় সেমিস্টারের পরীক্ষায় অকৃতকার্য ৫৬ হাজার ৩৯৪ পড়ুয়াও এই পরীক্ষায় বসবে।

০০০০০০০০০০০০০০০০০০০

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে এবারের বিষয় "২০২৬-২৭ অর্থবর্ষের বাজেট প্রস্তাব এবং প্রতিক্রিয়া"। অর্থমন্ত্রী নির্মলা সীতারামন কেন্দ্রীয় বাজেট পেশ করার পর সমাজের ভিন্ন ভিন্ন মানুষের সঙ্গে কথা বলেছেন আমাদের প্রতিনিধিত্ব।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ (০৩/০২/২৬) রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

৪৯-তম আন্তর্জাতিক কলকাতা বইমেলা আজ শেষ হচ্ছে । রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে প্রায় ২৭ লক্ষ মানুষ গতকাল পর্যন্ত মেলায় এসেছেন বলে কর্তৃপক্ষ জানিয়েছে । আজ বিকেলে এক অনুষ্ঠানে সেরা প্রকাশকদের পাবলিশার্স এন্ড বুক সেলার্স গিল্ডের পক্ষ থেকে পুরস্কৃত করা হবে । সন্ধ্যার পর চিরাচরিত রীতি অনুযায়ী মেলার ঐতিহ্যবাহী ঘন্টাধ্বনির মাধ্যমে গিল্ড অফিসের সামনে মুক্তমঞ্চে কৃতি সাহিত্যিক ও বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্টজনদের উপস্থিতিতে মেলার সমাপ্তি অনুষ্ঠান হবে ।

০০০০০০০০০০০০০০০০০০

জলপাইগুড়িতে কলকাতা হাইকোর্টের স্থায়ী সার্কিট বেঞ্চের কাজ শুরু হবে আগামী ১১ ই ফেব্রুয়ারি । গত ১৭ ই জানুয়ারি এই বেঞ্চের উদ্বোধন হয় । ভারতের প্রধান বিচারপতি সূর্যকান্ত ছাড়াও উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলকাতা হাই কোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল, কেন্দ্রীয় আইন মন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল, রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, কলকাতা হাই কোর্টের বিশিষ্ট বিচারপতিরা । সার্কিট বেঞ্চে চালু হওয়ায় বিচার পেতে আর কলকাতা যেতে হবে না-এতে উত্তরবঙ্গের মানুষের সময় ও খরচ দুটোই কমবে বলে মনে করা হচ্ছে ।

০০০০০০০০০০০০০০০০

সন্দেশখালিতে বিতর্কিত ভাইরাল ভিডিও মামলায় গঙ্গাধর কয়াল-সহ বিজেপি কর্মীদের বিরুদ্ধে যে এফআইআর দায়ের হয়েছিল তাঁকে চ্যালেঞ্জ করে কলকাতা হাইকোর্টে মামলা হয়েছে । আগামী বৃহস্পতিবার মামলার শুনানির আশ্বাস দিয়েছে প্রধান

বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চে। কিন্তু অভিযোগ উঠেছে বিচারাধীন এই মামলায় অভিযুক্তদের ডেকে পাঠাচ্ছে পুলিশ। পাশাপাশি গ্রেপ্তারের ভূমিকাও দেওয়া হচ্ছে। এই বিষয়ে আবেদনকারীদের তরফে প্রধান বিচারপতির দৃষ্টি আকর্ষণ করে দ্রুত শুনানির আর্জি জানানো হয়েছে।

উল্লেখ্য, ওই এফআইআর-গুলিকে চ্যালেঞ্জ করে প্রথমে মামলা হয় বিচারপতি জয় সেনগুপ্তের সিঙ্গল বেঞ্চে। ওই মামলা চলাকালীন রাজ্যের অ্যাডভোকেট জেনারেল মৌখিক আশ্বাস দেন অভিযুক্তদের বিরুদ্ধে কোনও কঠোর পদক্ষেপ গ্রহণ করা হবে না। পরে বিচারপতি জয় সেনগুপ্তের এজলাস থেকে ওই মামলা স্থানান্তরিত হয় প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চে।

০০০০০০০০০০০০০০০০০০০

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন, রাজ্য সরকারের অসহযোগিতার কারণে বাংলাদেশ সীমান্তে কাঁটা তারের বেড়া দেওয়ার কাজ ব্যতীত হয়েছে। আজ কলকাতায় এক সাংবাদিক সম্মেলনে বিরোধী দলনেতা বলেন, প্রতিবেশি দেশের সঙ্গে অন্যান্য রাজ্যের সীমান্তের কাঁটা তারের বেড়া দেওয়ার ক্ষেত্রে অন্যান্য রাজ্য সহযোগিতা করলেও, এরাজ্য তা করেনি।

তিনি বলেন, অনুপ্রবেশকারীদের ভুয়ো আধার কার্ড, ভুয়ো রেশন কার্ড, ভুয়ো পাসপোর্ট ইত্যাদি দিয়ে রাজ্য সরকার তাদের সহযোগিতা করছে। রাজ্য সরকার সুযোগ পেলেই বিএসএফকে অসহযোগিতা করে।

(বাইট - শুভেন্দু)

০০০০০০০০০০০০০০০০০০

প্রতিবারের মতো এবারেও ফ্রাঙ্ক ওরেল দিবস উপলক্ষে আজ ইডেনে ডাঙ্গার বি সি রায় ক্লাব হাউসে রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে। ক্রিকেট অ্যাসোসিয়েশন অফ বেঙ্গল 'সিএবি-র' র প্রতিষ্ঠা দিবস উপলক্ষে এবং অ্যাসোসিয়েশন অফ ভলান্টারি ব্লাড ডোনার্স ওয়েস্ট বেঙ্গলের সহযোগিতায় শিবির শুরু হবে সকাল ৯

টায়। চলবে সন্ধ্যা ৬ টা পর্যন্ত। ভারতের টি টোয়েন্টি দলের অধিনায়ক সূর্য কুমার যাদবের স্বাক্ষরিত শংসাপত্র রক্ষণাত্মক দেওয়া হবে। এখনও পর্যন্ত ২২৫ জন রক্ষণাত্মক করেছেন।

কলকাতা ছাড়াও বিভিন্ন জেলায় রক্ষণাত্মক শিবিরের আয়োজন করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির কোয়ার্টার ফাইনালে বাংলা, আজ সার্ভিসেসের বিরুদ্ধে খেলবে। গতবারের চ্যাম্পিয়ন বাংলা গ্রুপ এ-র শীর্ষে থেকে শেষ আটে উঠেছে। অসমের ডিক্রুগড়-এর তাকুয়াখানা স্টেডিয়ামে খেলা শুরু হবে দুপুর দুটোয়।

অন্য কোয়ার্টার ফাইনালে রেলওয়ে-রাজস্থানের, তামিলনাড়ু-পাঞ্জাবের এবং কেরালা-অসমের মুখোমুখি হবে। দুটি সেমিফাইনাল হবে বৃস্পতিবার। ফাইনাল খেলা রবিবার।

০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০